

জুন-২০২২খ্রি: মাসে অনুষ্ঠিত আদমদীঘি উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: মোছা: সালমা বেগম চাঁপা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ : ২৭/০৬/২০২২খ্রি:

সময় : বেলা ১১-০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট: "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি'র অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারো কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি অবিকল দৃঢ়ীকরণ করা হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করা হয় এবং সবসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বাল্য বিবাহ, যৌতুক, যৌন হয়রানী, নারী ও শিশু নিযার্তন প্রতিরোধ কর্মসূচীঃ গত দুমাসে বাল্য বিবাহ ও নারী নিযার্তন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায় নি। বাল্য বিবাহ, যৌতুক, যৌন হয়রানী, নারী ও শিশু নিযার্তন রোধে অভিভাবক, শিক্ষক, ছাত্র-ছাত্রী, নির্বাচিত জনপ্রতিনিধি, নিয়ে সচেতনতামূলক সভা ও উঠান বৈঠক করা হচ্ছে।	বাল্য বিবাহ, যৌতুক, যৌন হয়রানী, নারী ও শিশু নিযার্তন রোধে সচেতনতামূলক সভা জোরদার করতে হবে। বাল্য বিবাহ, যৌতুক, যৌন হয়রানী, নারী ও শিশু নিযার্তনের কোন ঘটনা ঘটলে তা সাথে সাথে উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় অথবা মোবাইল ফোনে ১০৯ নম্বরে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিষদ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৪	WTC মহিলা প্রশিক্ষণ কর্মসূচি ও IGA মহিলা প্রশিক্ষণ কর্মসূচী: চলতি অর্থ বছরে ৪র্থ ব্যাচে WTC মহিলা প্রশিক্ষণ কর্মসূচি'র দর্জি বিজ্ঞান ট্রেডে এবং IGA মহিলা প্রশিক্ষণ কর্মসূচি'র টেইলারিং ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ চলমান।	প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে আয়বর্ধক কাজে সম্পৃক্ত হতে পারে বিদ্যমান সরকারী নীতিমালা অনুযায়ী এমন প্রশিক্ষণার্থী ভর্তির দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।	উপজেলা পরিষদ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৪	দু:স্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি: এ উপজেলার ০৬টি ইউনিয়নে বাস্তবায়িত দু:স্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি'র বরাদ্দকৃত খাদ্য (চাল) বিক্রির প্রবনতা লক্ষ্য করা যায় এবং মাসিক ২০০/-টাকা হারে স্ব স্ব ব্যাংক হিসাবে সঞ্চয় জমা দানে অনীহা লক্ষ করা যায়।	ভিজিডি কার্ডধারীদের মাঝে ৩০ কেজি ওজনের চালের বস্তা বিতরণ নিশ্চিত করা সহ খাদ্য বিক্রয় নিরুৎসাহিত করতে হবে এবং সঞ্চয় বাবদ মাসিক ২০০/-জমার রশিদ দেখে খাদ্য বিতরণ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৫	"দরিদ্র মা'র জন্য মাতৃকাল ভাতা" ও "ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচী: এ উপজেলার ০৬টি ইউনিয়নে বাস্তবায়িত "দরিদ্র মা'র জন্য মাতৃকাল ভাতা" প্রদান কর্মসূচি ও সান্তাহার পৌরসভায় বাস্তবায়িত "ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচী'র কার্যক্রম চলমান।	বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রকৃত প্রাপ্যরাই এ কর্মসূচি'র সুবিধাভোগী।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছা: সালমা বেগম চাঁপা)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
আদমদীঘি, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
আদমদীঘি, বগুড়া।


শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

স্মারক নং ৩২.০১.১০০৬.০০০.০০.০১১.২২. ৮৬

তারিখঃ ১৬/০৮/১৪২৯বং
২৭/০৮/২০২২খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বগুড়া।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, আদমদীঘি, বগুড়া।
- ৫। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
- ৬। চেয়ারম্যান, নসরৎপুর ইউ:পি, আদমদীঘি, বগুড়া।
- ৭। জনাব.....


২৭/০৮/২০২২
(বরুন কুমার পাল)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
আদমদীঘি, বগুড়া।